পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যবৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. একেএম নুরুজ্জামান
সভার তারিখ : ১৯ মে ২০২১
সময় : ০৯:৩০ ঘটিকা
সভার স্থান : রুম নং-১২৫০, পিকেএসএফ ভবন,
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সকলকে ইদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ও তার অগ্রগতি নিয়ে বিশদ আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্ত অবহিতকরণ।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে বিগত ১২ মে ২০২১ তারিখে বৈঠক সফটওয়্যারের মাধ্যমে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হয়। পিকেএসএফ এর পক্ষ থেকে ড. একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক (কার্যক্রম) এবং জনাব মোঃ আশরাফুল হক, সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) উক্ত সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অর্ধ-বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা এবং বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত সভায় বিগত বিভিন্ন সময়ে অন্যান্য সংস্থার গৃহীত উদ্ভাবনী কর্মকান্ড নিয়ে আলোচনা করা হয়। সভায় পিকেএসএফ এর পক্ষ থেকে ড. একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক (কার্যক্রম) পিকেএসএফ-এর ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে পিকেএসএফ কর্তৃক ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিবরণ সম্বলিত রাইট-আপ আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।
২.	২০২০-২১ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকান্ডে করণীয়।	ক. ২০২০-২১ অর্থবছরে পিকেএসএফ এর ইনোভেশন কমিটির অনুষ্ঠিত সভাসমূহের কার্যবিবরণী পিকেএসএফ-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জনাব ফারজানা হামিদ, ব্যবস্থাপক (জনবল), পিকেএসএফ এবং সদস্য সচিব, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়।
		খ. শুরু থেকে এ পর্যন্ত পিকেএসএফ উদ্ভাবনীমূলক যেসকল কর্মকান্ড গ্রহণ করেছে, সেসকল বিষয়ে রাইট-আপ প্রস্তুত করে তা প্রকাশ করা এবং পিকেএসএফ ওয়েবসাইটে প্রদর্শনের বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ), পিকেএসএফ এবং সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়।
		গ. এছাড়া, পিকেএসএফ-এ যেসকল কর্মকর্তা উদ্ভাবনীমূলক চিন্তাধারার মাধ্যমে সেবা সহজীকরণে ভূমিকা রেখেছে, তাদেরকে সনদপত্র প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জনাব সেলিনা শরীফ, উপ-মহাব্যবস্থাপক (জনবল) ও সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়।
		ঘ. ২০২০-২১ অর্থবছরের কর্ম-পরিকল্পনায় উল্লেখিত ওয়ার্কশপ, প্রশিক্ষণ এবং শিক্ষাসফর নির্দিষ্ট সময়সূচি অনুসারে সম্পন্ন করার পরামর্শ দেয়া হয়।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

		৬. বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপকরণ ১৩ এ উল্লেখিত GIS কতটুকু কার্যকর হয়েছে, তা নির্ণয়ের জন্য জনাব আবু হায়াৎ মোঃ রাহাত হোসেন, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম) এবং সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়।

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯/৫/২০২১

(ড. একেএম নুরুজ্জামান)
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. ইনোভেশন কমিটির সকল সদস্য।
২. সকল কর্মকর্তা ও কর্মচারী (ল্যানের মাধ্যমে)
৩. সংশ্লিষ্ট নথি

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	সাক্ষর
১	ড. একেএম নুরুজ্জামান	মহাব্যবস্থাপক (কার্যক্রম)	১৯/৫/২০২১
২	জনাব সেলিনা শরীফ	উপ-মহাব্যবস্থাপক (জনবল)	Selina Sharif ১৯/৫/২১
৩	জনাব মোঃ আশরাফুল হক	সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম)	১৯/০৫/২০২১
৪	জনাব মোঃ তারিকুল আলম	ব্যবস্থাপক (আইটি)	19/05/21
৫	জনাব ফারজানা হামিদ	ব্যবস্থাপক (জনবল)	১৯/০৫/২০২১
৬	জনাব আবু হায়াত মোঃ রাহাত হোসেন	উপ-ব্যবস্থাপক (কার্যক্রম)	19/05/21
৭	জনাব মুহাম্মদ মাহবুবুর রহমান	উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ)	19.05.2021